বাংলাদেশের

কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়

"অডিট ভবন"

৭৭/৭, কাকরাইল, ঢাকা-১০০০।

www.cag.org.bd

নং-সিএজি/পরীক্ষা ও পরিদর্শন/নিয়োগ/২০২০/১০২/১১

তারিখ ০৫/১১/১৪২৬ বঙ্গাব্দ
১৮/০২/২০২০ খ্রিষ্টাব্দ

# নিয়োগ বিজ্ঞপ্তি

অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং-০৭.০০.০০০০.০৮২.১১.০০২.১৯.৪৯৪, তারিখ ০৩/১২/২০১৯ খ্রিঃ এর মাধ্যমে শূন্য পদ পূরণের ছাড়পত্র প্রাপ্তির পরিপ্রেক্ষিতে বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়ের আওতাধীন পরিবহন অডিট অধিদপ্তরে জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ১২তম গ্রেডভুক্ত (টাকা ১১,৩০০ - ২৭,৩০০/-) নিম্নোক্ত স্থায়ীপদে অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের জন্য পদের পাশে উল্লিখিত শিক্ষাগত যোগ্যতা এবং নিম্নবর্ণিত শর্তে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নির্ধারিত ছকে অনলাইনে আবেদনপত্র আহবান করা যাচ্ছে:

| ক্রমিক | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) | শূন্য পদের সংখ্যা | প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ০১. | সিনিয়র একাউন্টস ক্লার্ক<br>(গ্রেড-১২)<br>টাকা ১১,৩০০ - ২৭,৩০০/- | ১৪(চৌদ্দ) টি | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রী |

**নিম্নবর্ণিত শর্তাবলীসমূহ আবেদন ফরম পূরণে এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই পরিপালন করতে হবে:**

১। ০১/০২/২০২০ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়সসীমা :

(i) সকল প্রার্থীদের (মুক্তিযোদ্ধা, মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী ব্যতীত) ক্ষেত্রে ১৮-৩০ বছর।

(ii) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে ১৮-৩২ বছর।

(iii) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যার পুত্র-কন্যাদের ক্ষেত্রে ১৮-৩০ বছর।

(iv) বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

২। সরাসরি নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান কোটা পদ্ধতি সংশোধন সম্পর্কিত জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি-১ শাখার ০৪/১০/২০১৮ খ্রিঃ তারিখের পরিপত্র নং ০৫.০০.০০০০.১৭০.১১.০৭.১৮.২৭৬ এ বর্ণিত পদ্ধতি অনুসরণ করে নিয়োগ প্রক্রিয়া করা হবে।

৩। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থায় চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতি নিয়ে আবেদন করতে হবে। অনুমতির কপি মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে।

৪। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৫। চাকরিতে নিয়োগ প্রাপ্তদের বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয় এর অধীন পরিবহন অডিট অধিদপ্তরে পদস্থাপন করা হবে। প্রয়োজনে ঢাকার বাহিরে অবস্থিত কার্যালয়সমূহে পদায়ন করা হবে।

৬। কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল/ সংশোধন করার অধিকার সংরক্ষণ করেন।

৭। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৮। আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলিঃ

(ক) এই বিজ্ঞপ্তির অধীনে পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ **http://ocag.teletalk.com.bd** ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপঃ

(i) Online এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান আরম্ভের তারিখ ও সময়ঃ ২০/০২/২০২০ খ্রিঃ সকাল ১০:০০ ঘটিকা।

(ii) Online এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ঃ ১৯/০৩/২০২০ খ্রিঃ বিকাল ০৫:০০ ঘটিকা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online-এ আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৮০ pixel) ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ pixel) Scan করে নির্ধারিত স্থানে Upload করবেন।

(গ) যেহেতু Online-এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার **পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা (সংশ্লিষ্ট সনদ মোতাবেক) সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।**

(ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদানঃ** Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং Signature Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit কারী প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করবেন। Applicant's copy -তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২(দুই)টি SMS করে বর্ণিত পদের জন্য মোট ১১২/- (এক শত বারো) [পরীক্ষার ফি ১০০/- এবং টেলিটকের সার্ভিস চার্জ ১২/- টাকা] অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। **এখানে বিশেষভাবে উল্লেখ্য, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না।"**

**প্রথম SMS: OCAG**<space>**User ID** লিখে Send করতে হবে **16222** নম্বরে।
Example: **OCAG ABCDEF**

Reply: Applicant's Name, Tk.112/- will be charged as application fee. Your PIN is xxxxxxxxx

**দ্বিতীয় SMS: OCAG**<space>**Yes**<space>**PIN** লিখে send করতে হবে **16222** নম্বরে।
Example: **OCAG Yes xxxxxxxxx**

Reply: Congratulations Applicant's Name, Payment completed successfully for OCAG Application for post xxxxxxxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).

দ্বিতীয় SMS টি পাঠানোর পর ফিরতি SMS এ Password পাবেন। **এই Password টি Admit Card (প্রবেশপত্র) Download এর জন্য প্রার্থী সংরক্ষণ করবেন।**

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি **http://ocag.teletalk.com.bd** ওয়েবসাইটে অথবা সিএজি কার্যালয়ের website: **www.cag.org.bd** এ এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী download পূর্বক print (সম্ভব হলে রঙ্গিন) করার মাধ্যমে সংগ্রহ করতে পারবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়েও অবশ্যই প্রদর্শন করবেন। **Admit Card (প্রবেশপত্র) Download এর তারিখ পরবর্তীতে SMS এর মাধ্যমে জানানো হবে।**

(জ) শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে OCAG<space>Help <space>User <space>User ID & send to 16222
Example: **OCAG Help User ABCDEF** & Send to 16222.

ii. PIN Number জানা থাকলে OCAG<space>Help<space>PIN <space>PIN No. & Send to 16222
Example: **OCAG Help PIN 12345678** & send to 16222

৯। প্রার্থীর যোগ্যতা যাচাই ঃ

(ক) প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভূয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তাঁর বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে যে কোনো পর্যায়ে যে কোন প্রার্থীর প্রার্থীতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(খ) মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজপত্রাদির মূল কপি প্রদর্শন করতে হবে এবং ন্যূনপক্ষে ৯ম গ্রেডভুক্ত গেজেটেড কর্মচারী কর্তৃক প্রতিটির ০১টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে ঃ

(i) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র।

(ii) প্রার্থী যে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশনের বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র।

(iii) শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে সমাজ সেবা কার্যালয় কর্তৃক প্রদত্ত সনদপত্রের কপি।

(iv) ন্যূনপক্ষে ৯ম গ্রেডভুক্ত সরকারী গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

(v) জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদের সত্যায়িত অনুলিপি।

(vi) Online-এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's copy) এবং প্রবেশ পত্রের কপি।

(vii) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থায় চাকরিরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র।

(viii) মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা প্রার্থী যারা সর্বোচ্চ বয়সসীমা ৩২ বছরের সুবিধা গ্রহণ করতে ইচ্ছুক তাদেরকে বয়স প্রমাণের জন্য নিম্নবর্ণিত ছক পূরণ করে ছকে বর্ণিত কাগজপত্রের সত্যায়িত ছায়ালিপি মৌখিক পরীক্ষার সময় দাখিল করতে হবে:

| প্রার্থীর নাম, পিতার নাম ও ঠিকানা | মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানা | প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক ও উপযুক্ত কর্তৃপক্ষ প্রদত্ত সনদ | মুক্তিযোদ্ধার প্রমাণকের বিবরণী | মুক্তিযোদ্ধার জন্ম তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| | | | ১.লাল মুক্তি বার্তা নম্বর:<br>২.ভারতীয় তালিকা ও খন্ড নম্বর:<br>৩.গেজেট নম্বর ও তারিখ:<br>৪.সাময়িক সনদের নম্বর ও তারিখ:<br>৫.বামুস সনদের নম্বর ও তারিখ:<br>(ক্রমিক নং ১ ও ২ এ বর্ণিত তালিকায় নাম না থাকলে ৩ নং ক্রমিকে বর্ণিত গেজেটসহ ৪ ও ৫ নং ক্রমিকে বর্ণিত উভয় অথবা যে কোন একটি প্রমাণ দাখিল করতে হবে) | ১. জাতীয় পরিচয়পত্র অনুযায়ী জন্ম তারিখ:<br>২. এসএসসি সনদ অনুযায়ী জন্ম তারিখ:<br>৩. জন্ম নিবন্ধন আইন অনুযায়ী সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়ন পরিষদের প্রত্যয়নপত্র অনুযায়ী জন্ম তারিখ: | |

(গ) যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোনো ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোনো ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোনো সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে বরখাস্ত হয়ে থাকেন, তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

১০। যে কোনো তদবির বা ব্যক্তিগত যোগাযোগ প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য করা হবে।

১১। সিএজি কার্যালয়ের নিয়োগ বিজ্ঞপ্তি, Online আবেদনপত্র পূরণের নিয়মাবলী SMS এর মাধ্যমে পরীক্ষার ফি প্রদানের নিয়মাবলী ও পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য **http://ocag.teletalk.com.bd** ও **www.cag.org.bd** ওয়েব সাইটে পাওয়া যাবে।

১২। Online এ আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক নাম্বার থেকে ১২১ অথবা যে কোন অপারেটর থেকে **01500121121** নাম্বারে কল করা যাবে। এছাড়া **vas.query@teletalk.com.bd** ই-মেইল এ যোগাযোগ করা যাবে।

(Mail এর subject এ Organization Name "OCAG", Post Name: *****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।)

১৬/০২/২০২০

(মোঃ শরীফুল ইসলাম)
উপ-মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক (পদ্ধতি)
এবং সভাপতি, বিভাগীয় নির্বাচন কমিটি
সিএজি কার্যালয়, "অডিট ভবন"
৭৭/৭ কাকরাইল, ঢাকা-১০০০।